

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩০১

৮. পবিত্ৰতা অৰ্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ দ্বিতীয় হাদীস যা স্পষ্ট করে যে, পুরো দুই হাত মাসেহ করা ওয়াজিব নয়

ذِكْنُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ مَسْحَ الذِّرَاعَيْنِ في التيمم غير واجب

## আরবী

1301 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ إِبْرَاهِيمَ مَوْلَى ثَقِيفِ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ الْحَنْظَلِيُّ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ وَيَعْلَى بْنُ عُبَيْدٍ قَالَا: حَدَّثَنَا الْأَعْمَشُ عَنْ شَقِيقٍ قَالَ: كُنْتُ جَالِسًا مَعَ عَبْدِ اللَّهِ وَأَبِي مُوسَى فَقَالَ أَبُو مُوسَى: يَا أَبَا عَبْدِ الرَّحْمَنِ الرَّجُلُ كُنْتُ جَالِسًا مَعَ عَبْدِ اللَّهِ وَأَبِي مُوسَى فَقَالَ: لَا فَقَالَ: لَا فَقَالَ: أَمَا تَذْكُرُ قَوْلَ عَمَّارٍ لِعُمَرَ: بَعَثَنَا رَسُولُ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَأَنْتَ فَأَجْنَبْتُ فَتَمَعَّكْت فِي التُّرَابِ فَأَتَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَأَنْتَ فَأَجْنَبْتُ فَتَمَعَّكْت فِي التُّرَابِ فَأَتَيْتُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَا وَأَنْتَ فَأَجْنَبْتُ فَتَمَعَّكْت فِي التُّرَابِ فَأَتَيْتُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَ: (كان يكفيك هكذا) وضرب بيديه الْأَرْضَ فَمَسَحَ عَلَيْهِ وَسَلَّمَ فَذَكَرْتُ ذَلِكَ لَهُ فَقَالَ: (كان يكفيك هكذا) وضرب بيديه الْأَرْضَ فَمَسَحَ وَجُهَهُ وَكَفَيْهِ فَقَالَ: لَمْ أَرَ عُمَرَ قَنَعَ بِذَلِكَ قَالَ: فَمَا تَصْنَعُ بِهَذِهِ الْآيَةِ { فَلَمْ تَجِدُوا مَاءً وَجُهَهُ وَكَفَيْهِ فَقَالَ: لَمْ أَرَ عُمَرَ قَنَعَ بِذَلِكَ قَالَ: فَمَا تَصْنَعُ بِهَذِهِ الْآيَةِ إِلَى اللَّهُ عُمَى اللَّهُ عُرَالًا لَهُمْ فِي هَذَا لَكَانَ أَحَدُهُمْ فَي هَذَا لَكَانَ أَعَمَّهُ بِالصَعْعِيدَ وَاذَا يَعْلَى: قَالَ الْأَعْمَشُ: فَقُلْتُ لُشقيق: فلم يكن هذا إلا لهذا.

الراوي: شُقِيق ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1301 ا خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

১৩০১. শাকীক রহিমাহুল্লাহ বলেন, "আমি আব্দুল্লাহ বিন মাস'উদ ও আবূ মুসা আল আশ'আরী রাদ্বিয়াল্লাহু আনহুমার কাছে বসে ছিলাম। তখন আবূ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু আবুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বললেন, "হে আবূ আব্দুর রহমান, একজন ব্যক্তি জুনুবী হয়ে যায় কিন্তু সে কোন পানি পাইনা, সে কি সালাত আদায় করবে?" জবাবে তিনি বলেন, "না।" তিনি আবারো বলেন, "আপনার কি মনে পড়ে না উমার রাদ্বিয়াল্লাহু



আনহুর উদ্দেশ্যে আম্মার রাদ্বিয়াল্লাহু আনহুর কথা; রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এবং আপনাকে এক জায়গায় পাঠিয়েছিলেন অতঃপর আমি জুনুবী হয়ে যাই ফলে আমি মাটিতে গড়াগড়ি দেই। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসি এবং তাঁর কাছে ঘটনা বর্ণনা করি। তখন তিনি বলেন, "তোমার জন্য যথেষ্ট ছিল এরকম করা। এই বলে তিনি হাত জমিনে মারেন অতঃপর তাঁর মুখমন্ডল ও দুই হাতের কজি পর্যন্ত মাসেহ করেন।" তখন আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি মনে করি না যে, এতে উমার রাদ্বিয়াল্লাহু আনহু তুষ্ট হয়েছিলেন।"

আবৃ মুসা রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আপনি এই আয়াতটির ব্যাপারে কী করবেন? যেখানে বলা হয়েছে, ﴿الْفَيْنَا الْمَيْبَا الْمُعْلِمَ الْمُعْتِدُ الْمَيْبَا الْمُعْتَى الْمُعْتَى الْمُعْتَى الْمُعْتَى الْمَيْبَا اللهِ اللهِ اللهِ اللهُ ا

ইয়ালা আরেকটু বেশি বর্ণনা করেছেন, "ইমাম আ'মাশ বলেছেন, আমি শাকীককে বললাম, "এই হুকুম তাহলে এজন্যই ছিল।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৫৮-১৫৯; সহীহ মুসলিম: ৩৬৮; মুসনাদ আহমাদ: ২/৩৯৬; সহীহ আল বুখারী: ৩৪৭; আবূ দাউদ: ৩২১; নাসাঈ: ১/১৭০; দারাকুতনী: ১/১৭৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২৭০; আবূ আওয়ানা: ১/৩০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন (আস সহীহাহ: ৩৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ শাক্ষীক ইবনে আব্দুল্লাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন